

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
এনজিও বিষয়ক ব্যুরো
প্রধানমন্ত্রীর কার্যালয়
প্লটবি/১৩-ই-এ, আগারগাঁও
শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭
www.ngoab.gov.bd



"মুজিব বর্ষের অঙ্গীকার
বৈদেশিক অনুদানের যথাযথ ব্যবহার"

এনজিও বিষয়ক ব্যুরোর ২০২২-২০২৩ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি(এপিএ) এর সূষ্ঠ বাস্তবায়নের লক্ষ্যে অগ্রগতি
পর্যালোচনা বিষয়ক সভার কার্যবিবরণী

সভাপতি : জনাব শেখ মোঃ মনিরুজ্জামান
মহাপরিচালক (অতিরিক্ত সচিব)


তারিখ : ০২ নভেম্বর, ২০২২ খ্রিষ্টাব্দ
সময় : সকাল: ১০.০০ টা
স্থান : এনজিও বিষয়ক ব্যুরোর সভাকক্ষ
উপস্থিত সদস্য : পরিশিষ্ট-ক

সভাপতি সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর তিনি জানান যে, এপিএ কার্যক্রমের সূষ্ঠ বাস্তবায়নের জন্য মন্ত্রিপরিষদ বিভাগের জারিকৃত নির্দেশিকাসহ এপিএ সংক্রান্ত চুক্তি সম্পর্কে সম্যক ধারণা নেয়া প্রয়োজন। ইতোমধ্যেই ২০২২-২০২৩ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত হয়েছে; সেমতে সকলের দায়িত্ব অনুযায়ী সময়োচিত কর্ম সম্পাদন একান্ত প্রয়োজন। যার উপর যে দায়িত্ব তা সময়মত পালন করতে না পারলে এপিএ বাস্তবায়ন ব্যাহত হবে। এপিএ সংক্রান্ত কার্যক্রম সূষ্ঠ বাস্তবায়নের লক্ষ্যে ইতোমধ্যে এপিএ চুক্তির সংযোজনী (৪-৮) সমূহের ফোকাল পয়েন্টসহ কর্মকর্তা/কর্মচারীদের মধ্যে দায়িত্ব বন্টন করা হয়েছে। সময়মত সঠিকভাবে ত্রৈমাসিক প্রতিবেদন প্রদান খুবই গুরুত্বপূর্ণ। এক্ষেত্রে কমিটির সদস্যবৃন্দকে এপিএ বাস্তবায়নে সকল কর্মকর্তা তদারকি করার জন্য সভাপতি অনুরোধ করেন। এপিএ ফোকাল পয়েন্ট ও ব্যুরোর প্রকল্প পরিচালক-২ সভায় আলোচ্যসূচি উপস্থাপন করেন এবং সভায় বার্ষিক কর্মসম্পাদন চুক্তির ২০২২-২০২৩ এর বিভিন্ন দিক নিয়ে বিস্তারিত আলোচনা করা হয়।

অতঃপর নিম্নরূপ সিদ্ধান্ত গ্রহণ করা হয়ঃ

- ২০২২-২৩ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) এর প্রথম ত্রৈমাসিক অর্জনের বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। যে সকল সূচকের লক্ষ্যমাত্রা অর্জিত হয়নি সে সকল সূচকের ক্ষেত্রে কার্যক্রম আরও গুরুত্বের সাথে পরিচালনা পূর্বক প্রতিবেদন প্রস্তুত করতে হবে। এ বিষয়ে সংশ্লিষ্ট সকলকে আরও আন্তরিকতা ও নিষ্ঠার সাথে দায়িত্ব পালনের জন্য সভাপতি নির্দেশনা প্রদান করেন।
- প্রতি ত্রৈমাসিক অন্তর সকল শাখার সংশ্লিষ্ট কর্মকর্তাগণ ছক মোতাবেক (এপিএ) এর কর্মসম্পাদন সূচক সমূহের লক্ষ্যমাত্রা অর্জনের অগ্রগতি প্রতিবেদন প্রমানকসহ যথাযথ ভাবে প্রস্তুতপূর্বক সমন্বয় শাখায় প্রেরণ নিশ্চিত করবেন।
- এনজিও পরিদর্শনের প্রমাপ অনুযায়ী সকল কর্মকর্তাকে পরিদর্শন কার্যক্রম বাস্তবায়ন করতে হবে এবং মহাপরিচালক বরাবর যথাসময়ে পরিদর্শন প্রতিবেদন দাখিল করতে হবে।
- বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) এর কার্যক্রম ৩.৩ আইনের ইংরেজি ভার্সন এর খসড়া চূড়ান্ত করণ বিষয়ে ৭ দিনের মধ্যে সংশ্লিষ্ট কমিটি খসড়া প্রণয়ন করে মহাপরিচালক কে অবহিত করবেন।
- এপিএ- এর কার্যক্রম ৪.১ কৌশলপত্র প্রণয়ন বিষয়ে একটি কমিটি গঠন করার সিদ্ধান্ত গৃহীত হয়। উক্ত কমিটি গঠনের জন্য এপিএ ফোকাল পয়েন্ট প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।
- এপিএ সংযোজনী সমূহের ফোকালপয়েন্টগণ তাদের সংশ্লিষ্ট কার্যক্রম বাস্তবায়নে আরও তৎপর ভূমিকা পালন করবেন।


০২। অতঃপর সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।


(শেখ মোঃ মনিরুজ্জামান)
মহাপরিচালক (অতিরিক্ত সচিব)
ফোনঃ ৫৫০০৭৪০০
তারিখঃ ০৩ নভেম্বর ২০২২

স্মারক নং-০৩.০৭.২৬৬৬. ৬৬১. ৬৫.০১৩.২০-৩০৫

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে :

- ০১। প্রধানমন্ত্রীর মুখ্যসচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা। [দৃঃ আঃ মহাপরিচালক (GIU)]
- ০২। পরিচালক (নিবন্ধন ও অডিট)/পরিচালক (প্র-১/২), এনজিও বিষয়ক ব্যুরো।
- ০৩। উপপরিচালক (সাঃ)/ উপপরিচালক (পওনি), এনজিও বিষয়ক ব্যুরো।
- ০৪। এসআইনমেন্ট অফিসার (সকল), এনজিও বিষয়ক ব্যুরো।
- ০৫। সহকারী পরিচালক-১/২, এনজিও বিষয়ক ব্যুরো।
- ০৬। প্রোগ্রামার/সহকারী প্রোগ্রামার, এনজিও বিষয়ক ব্যুরো।
- ০৭। প্রশাসনিক কর্মকর্তা (ভারপ্রাপ্ত), এনজিও বিষয়ক ব্যুরো।
- ০৮। মহাপরিচালক ঐর ব্যক্তিগত সহকারী, এনজিও বিষয়ক ব্যুরো (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)
- ০৯। সকল শাখা সহকারী, এনজিও বিষয়ক ব্যুরো।
- ১০। অফিস কপি।


(সুরাইশ আক্তার লাকী)
সহকারী পরিচালক-২